৫ নভেম্বর, ২০২৫

# জুলাই সনদ বাস্তবায়ন দ্রুত করার আহ্বান জানাল জামায়াত




সংগৃহীত ছবি

জামায়াত ইসলামী মঙ্গলবার (৪ নভেম্বর) কেন্দ্রীয় নির্বাহী পরিষদের বৈঠকের পর অভিযোগ করেছে, সরকারের গড়িমসি জুলাই জাতীয় সনদকে আইনি স্বীকৃতি দিতে আয়োজনকৃত গণভোটকে অনিশ্চয়তায় ফেলছে। দলটি এটিকে দেশের জন্য উদ্বেগজনক বলে উল্লেখ করেছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, কিছু পক্ষ একই দিনে জাতীয় নির্বাচন ও গণভোট আয়োজনের চিন্তা করছেন। এটি হলে গণভোটের গুরুত্ব কমে যাবে এবং প্রক্রিয়া বাধাগ্রস্ত হবে। কারণ জাতীয় নির্বাচনে কোনো ভোটকেন্দ্রে ভোটগ্রহণ স্থগিত হলে, গণভোটও স্থগিত হবে, যা গ্রহণযোগ্য নয়।

জামায়াত দাবি জানিয়েছে, অবিলম্বে জুলাই জাতীয় সনদ বাস্তবায়নের আদেশ জারি করতে হবে এবং নভেম্বরের মধ্যে গণভোট আয়োজন নিশ্চিত করতে হবে। এছাড়া, গণভোটের ফলাফলের ভিত্তিতে আগামী ফেব্রুয়ারিতে জাতীয় সংসদ নির্বাচন আয়োজনের আহ্বান জানিয়েছে দলটি।

দলটি সরকার ও নির্বাচন কমিশনের কাছে জোর দিয়ে বলেছে, প্রতিটি ভোটকেন্দ্রে সিসি ক্যামেরা স্থাপন করে গণভোটকে স্বচ্ছ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য করা জরুরি।

LENS ASIA